



# বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

## Bangladesh Power Development Board

“শেখ হাসিনার উদ্যোগ  
ঘরে ঘরে বিদ্যুৎ”

কর্মচারী পরিদপ্তর  
ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা  
ফোন : ৯৫৫৩১০১

বিজ্ঞপ্তি নং-২৭.১১.০০০০.২১০.২৩.১৬৭.১৭-১১

তারিখঃ ২১/০১/২০১৮ইং


### নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অধীনে “উপ-সহকারী প্রকৌশলী” পদে নিয়োগ ও প্যানেল তৈরীর জন্য নিম্নবর্ণিত শর্তে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে বোর্ডের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাইতেছে :-

ক্রঃ নং	পদের নাম ও বেতন স্কেল	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা
১।	উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎ/যান্ত্রিক/ইলেকট্রিনিয়ু/পাওয়ার/সিভিল) টাকাঃ ১৬০০০-১৬৮০০-১৭৬৪০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৪০-২১৪৭০-২২৫৫০- ২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮৮১০-৩০২৬০-৩১৭৮০-৩৩৩৭০-৩৫০৪০- ৩৬৮০০-৩৮৬৪০(এনপিএস'২০১৫) টাকা এবং অন্যান্য প্রচলিত ভাতাদি।	তড়িৎ/যান্ত্রিক/ইলেকট্রিনিয়ু/পাওয়ার/সিভিল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা। এসএসসি/সমমান অথবা ডিপ্লোমা পরীক্ষার যে কোন একটিতে প্রথম বিভাগ/জিপিএ ৩.০০ থাকিতে হইবে এবং কোন পরীক্ষাতেই তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য হইবে না।

### শর্তাবলীঃ

- উপ-সহকারী প্রকৌশলী(তড়িৎ/যান্ত্রিক/ইলেকট্রিনিয়ু/পাওয়ার/সিভিল) পদের জন্য বয়স সীমা ২১-০১-২০১৮ইং তারিখে ১৮-৩০ বৎসর। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে উর্দ্ধ বয়স ৩২ বৎসর। বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বিভাগীয় প্রার্থীগণের উর্দ্ধ বয়স ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য;
- সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে;
- নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারী নীতিমালা/বিধি-বিধান অনুসরণ করা হইবে;
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র ও কন্যা, এতিম, প্রতিবন্ধী এবং উপজাতি প্রার্থীদের সর্বশেষ সরকারী নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদসহ আবেদন পত্র দাখিল করিতে হইবে। মুক্তিযোদ্ধা এবং উপযুক্ত মুক্তিযোদ্ধা প্রার্থী পাওয়া না গেলে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যা না পাওয়া গেলে পুত্র-কন্যার পুত্র-কন্যাগণকে সরকারী নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদসহ দরখাস্ত দাখিল করিতে হইবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র ও কন্যা-এর ক্ষেত্রে তাঁহাদের পিতা/মাতার অনুকূলে মুক্তিযুদ্ধে অংশগ্রহণের স্বপক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ও মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র বা ১৯৯৭-২০০১ সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত সনদপত্রের সত্যায়িত কপি দরখাস্তের সহিত দাখিল করিতে হইবে। একই সাথে আবেদনের স্বপক্ষে প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান হইলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র কন্যার পুত্র কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি করপোরেশনের ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ দরখাস্তের সাথে সংযুক্ত করিতে হইবে;
- (ক) দরখাস্তের সহিত প্রার্থীদের (১) উপ-পরিচালক (হিসাব), কোয়াক, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা-এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট, (২) সদ্য তোলা তিন কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি, (৩) প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সকল পরীক্ষা পাশের মূল সনদের সত্যায়িত অনুলিপি, (৪) দুইজন অনাত্মীয় ১ম শ্রেণীর কর্মকর্তার নিকট হইতে দুইটি চারিত্রিক সনদপত্র (৫) প্রার্থী যে জেলার স্থায়ী বাসিন্দা সেই সম্পর্কে নিজ স্থায়ী ঠিকানার সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা ওয়ার্ড কমিশনারের নিকট হইতে নাগরিকত্বের সনদ, (৬) উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে নিজ জেলার জেলা প্রশাসকের নিকট হইতে প্রত্যয়নপত্র, (৭) নিজ ঠিকানা লিখিত ও ৬ (ছয়) টাকা মূল্যের স্ট্যাম্পযুক্ত ২৮×১১ সেঃ মিঃ সাইজের একটি খাম দরখাস্তের সহিত সংযোজন করিতে হইবে;
- দরখাস্তের নির্ধারিত ফরম বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের ওয়েবসাইট (www.bpdb.gov.bd) হইতে ডাউনলোড করা যাইবে। ইহাছাড়া কক্ষ নং-৪১১, ওয়াপদা ভবন (৫ম তলা), মতিঝিল, ঢাকা এবং আব্দুল গণি রোডস্থ বিদ্যুৎ ভবনে বিউবো'র সকল প্রধান প্রকৌশলীর দপ্তর হইতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাইবে;
- আবেদনপত্রে কোন ভুল/অসত্য তথ্য পরিবেশন করা হইলে অথবা চাহিদাকৃত কাগজপত্র সঠিক ও সম্পূর্ণরূপে সংযোজন করা না হইলে অথবা নির্ধারিত তারিখের পরে পাওয়া গেলে আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। কোনক্রমেই পরবর্তীতে কোন কাগজপত্র/প্রত্যয়নপত্র গ্রহণ করা হইবে না। খামের উপর প্রার্থীত পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যা হইলে দরখাস্তের উপর উহা স্পষ্টভাবে লিখিতে হইবে;
- আবেদন পত্র আগামী ১৫-০২-২০১৮ইং তারিখের মধ্যে পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন(৫ম তলা), মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ ঠিকানায় জমা দিতে/পৌঁছাইতে হইবে। উক্ত তারিখের পরে ডাকযোগে বা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রাপ্ত দরখাস্তও গৃহীত হইবে না।
- কর্তৃপক্ষ প্রয়োজন অনুযায়ী নিয়োগের পদসংখ্যা নির্ধারণ করিবে এবং প্রার্থীদের কাউকে নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

  
২৩/০১/১৮

পরিচালক

কর্মচারী পরিদপ্তর

বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।

